500Rs.

INDIA NON JUDICIAL

৫০০ রু.    Rs. 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये    FIVE HUNDRED RUPEES

থানা বীজপুর,
মৌজা হালিসহর,
জমি ৪.৬১ শতক।

Addl. Dist. Sub-Registrar
Naihati, North 24 Pgs.
18 JAN 2002

দানপত্র

সম্পত্তির মূল্য ১,৫৪,০০০ টাকা।

গ্রহিতা:- শ্রীমতী সুমিত্রা ভাওয়াল স্বামী শ্রী সৌম্যেন্দ্র ভাওয়াল জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং 'প্রান্তিক' গোবিন্দ বসু লেন, হালিসহর, থানা বীজপুর, জেলা উত্তর ২৪ পরগণা।

দাতা:- শ্রী সৌম্যেন্দ্র ভাওয়াল পিতা মৃত সীতেশ চন্দ্র ভাওয়াল জাতি হিন্দু, পেশা চাকুরী, সাং 'প্রান্তিক' গোবিন্দ বসু লেন, হালিসহর, থানা বীজপুর, জেলা উত্তর ২৪ পরগণা।

100 Rs.

INDIA NON JUDICIAL

१००रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



জেলা উত্তর ২৪ পরগণা থানা বীজপুর রেজেষ্ট্রী অফিস নৈহাটীর এলাকা হাবেলী সহর পরগণার অন্তর্গত হালিসহর পৌরসভার অধীন মৌজা হালিসহর গ্রামে আর এস ২৪৩৭ নং খতিয়ানে আর এস ৫২৯০/৫৩১১ নং দাগ ভুক্ত ৩৪৭৭ দাগের সম্পত্তি যাহা সীতেশ চন্দ্র ভাওয়াল স্বনামে ইং ২৬।৫।৫২ তারিখে আলিপুর জেলা ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রী অফিসের ২২১১ নং কোবালা মূলে শ্রীমতী মায়া মুস্তাফি ও শ্রীমতী মীরা সরকারের নিকট হইতে খরিদ করিয়া ভোগ দখলে কায়েম থাকাবস্থায় কিছু জমি বিক্রয় করা বাদে বক্রী ১৭ শতক জমিতে গৃহাদী নির্মান করিয়া গত ইং ১২।৫।৭০ তারিখে পরলোক গমন করিলে তাহার ত্যক্ত সম্পত্তি আদি আমি এবং শ্রীমতী স্মৃতি পাল, শ্রীমতী প্রীতি

100 Rs.

INDIA NON JUDICIAL

১০০ রু.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



দখলিকার হই। এবং আমার ও আমার মাতা সুষমা রানী ভাওয়ালের নামে হাল সেটেলমেন্ট জরিপে রেকর্ড ভুক্ত হয়। অত:পর আমার মাতা সুষমা রানী ভাওয়াল গত ইং ৮।১২।৯৫ তারিখে পরলোক গমন করিলে তাহার ত্যক্ত সম্পত্তি আদি আমি অত্র দলিলের দাতা এবং আমার উপরোক্ত তিন ভগ্নি শ্রীমতী স্মৃতি পাল, শ্রীমতী প্রীতি হালদার শ্রীমতী বনানী নন্দী এই চারজনে উক্ত সম্পত্তিতে মালিক দখলিকার হই। অত:পর আমার উপরোক্ত ভগ্নি ত্রয় তাহাদের ৩/৪ অংশের সম্পত্তি আদি অর্থাৎ ১২.৭৫ শতক জমি ও গৃহাদী গত ইং ২৭।১।২০০০ তারিখে নৈহাটী অফিসের রেজেষ্ট্রী যুক্ত ১ নং বহির ১২ নং ভলুমের ২১ হইতে ৩০ পৃষ্ঠায় নকলকৃত ৪২৯ নং দানপত্র দলিল মূলে আমাকে দান করিয়া নি:স্বত্ব হন। এইরূপে আমি মোট ১৭ শতক জমি ও গৃহাদীতে মালিক দখলিকার আছি।

75 Rs.




Soumyendra Bhowal



তুমি অত্র দানপত্র গ্রহিতা আমার স্ত্রী অর্থাৎ ধর্মপত্নী হইতেছ। তুমি আমাকে যথেষ্ট ভালবাস। আমার মৃত্যুর পর আমার সম্পত্তিতে তোমার ভোগ দখলের যাহাতে কোনরূপ অসুবিধা না হয় তৎ বিবেচনায় আমার স্বত্ব দখলীয় জমি ও গৃহাদীর মধ্যে নিম্নের তপশীল বর্ণিত গৃহাদী সংলগ্ন ৪.৬১ শতক জমি যাহার আনুমানিক মূল্য ১,৫৪,০০০, এক লক্ষ চুয়ান্ন হাজার টাকা হইবে তৎসমুদয় তোমাকে নিব্যূঢ় স্বত্বে দান করিয়া এককালীন চিরতরে নিঃস্বত্ব হইলাম। দানকৃত সম্পত্তিতে আমার অদ্য ইস্তক যে সকল স্বত্ব লভ্য দখল সংশ্রবাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে রদ ও রহিত হইয়া সম্পূর্ণ রূপে তোমাতে বর্ত্তিল। তুমি অদ্য হইতে দানকৃত সম্পত্তি তোমার নিজাধিকারে লইয়া আমার স্বত্বে স্বত্ববতী ও দখলিকারিনী হইয়া তাহার ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি নিজ নাম পত্তনে মালিক বরাবর ও স্থানীয় পৌরসভায় আদায় দিয়া দানকৃত সম্পত্তি দান বিক্রয় প্রভৃতি সর্ব্বপ্রকার হস্তান্তর করনাদির ক্ষমতাযুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশ ও

Soumyendra Bhowal

স্থলাভিষিক্তগণ ক্রমে যথেচ্ছায় পরম সুখে ভোগ দখল করিতে থাক। তাহাতে আমি বা আমার ওয়ারিশ বা স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া বা আপত্তি আদি করে বা আমি করি তবে তাহা সর্ব্বস্থলে সর্ব্ব আইন আদালতে বাতিল ও নামঞ্জুর হইবে।

এতদর্থে আমি সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে অত্র দানপত্র দলিলের মর্ম্ম অবগত হইয়া সহি সম্পাদন করিলাম। ইতি সন ১৪০৮, ৪ঠা মাঘ, ইং ১৮।১।২০০২

তপশীল সম্পত্তি

জেলা উত্তর ২৪ পরগণা থানা বীজপুর রেজেষ্ট্রী অফিস নৈহাটীর এলাকা হাবেলী সহর পরগণার অন্তর্গত মৌজা হালিসহর গ্রামে মালিক বর্ত্তমানে পশ্চিমবঙ্গ সরকার অধিকারে রায়ত দখলী স্বত্ব জে এল নং ৬, তৌজি নং হাল ১, জং খং নং ২৪৩৬, নিষ্কর স্বত্বীয় -

আর এস ২৪৩৭ চব্বিশ শত সাইত্রিশ হাল এল আর ৭৪০৪, ৭৪৫৮ নং খতিয়ানে - আর এস ৫২৯০/৫৩১১ পাঁচহাজার দুইশত নব্বুই বাটা পাঁচ হাজার তিনশত এগার নং দাগে বাস্ত ১৭ শতক জমি মায় গৃহাদীর মধ্যে গৃহাদী সংলগ্ন নিম্ন চৌহদ্দি ভুক্ত ২ কাঠা ১২ ছটাক ৩২ বর্গফুট বা ৪.৬১ শতক খালি জমি মায় দরবস্ত হক হকুক দান করিলাম। ইহা হালিসহর পৌরসভার অধীন ৫ নং ওয়ার্ডে গোবিন্দ বসু রোড ১০৫।৯৫।১০১

নং হোল্ডিং ভুক্ত সম্পত্তির অংশ হইতেছে।

চৌহদ্দি ও মাপ:

উত্তর - ৬ ফুট কমন প্যাসেজ ও আমার জমি মাপ - ৩৫ ফুট

দক্ষিণ - চন্দনা ঘোষ মাপ - ৪০ ফুট

পূর্ব - সরোজ চ্যাটার্জী মাপ - ৬০ ফুট

পশ্চিম - আমার বাড়ী মাপ - ৪৭ ফুট ৪ ইঃ

অত্রসহ নকসা এই দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

মুসাবিদাকারক:-

শ্রী স্বপন কুমার মিত্র

শ্রী স্বপন কুমার মিত্র
সাং কাঁঠালপাড়া,
নৈহাটীএডি এস আর অফিস,
লাইসেন্স নং XII-২৪ ইং ১৯৮৫

টাইপকারক:

গোষ্ঠ ...

কাঁঠালপাড়া, নৈহাটী।

ইসাদি :

Bishwarup Dey
Tentul Tala,
Halisahar.

Soumyendra Bhowal


SKETCH SHOWING THE GIFT DEED OF DAG NO- R.S. 5290/5311 L.R. 9873 KHATIAN NO- R.S. 2437 L.R. 7404, 7458 MOUZA- HALISAHAR J.L. NO-6 R.S. NO-37 HOLDING NO- 105/95/101 AT GOBINDA BASU LANE, UNDER HALISAHAR MUNICIPALITY WARD NO-5 P.S. BIZPUR, DIST NORTH 24 PARGANAS.

SCALE 20'=1"

DONER.
SMT. SOUMYENDRA BHOWAL.
S/O LT. SITES CH. BHOWAL.
OF PRANTIK, GOBINDA-BASU LANE, HALISAHAR.

DONEE.
SMT. SUMITA BHOWAL.
W/O SRI SOUMYENDRA BHOWAL.
OF PRANTIK, GOBINDA BASU LANE, HALISAHAR.

AREA OF LAND
2KH-12CH-32 SFT.




Soumyendra Bhowal
SIG. OF DONER.

Biswarup Dey
Building Planner, Estimator, Surveyor & Supervisor. L. No. 88
Tentul Tala, Bizpur Workshop Road
Halisahar, 24-Pgs.(N)
DRAWN BY-